



বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

প্রকল্প পরিচালকের কার্যালয়, স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা

১৩/৩, ৪-এ, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফ্যাক্স: ০২-৫৮০৭০৪৫৭, ই-মেইল: project@bsrmu.edu.bd

স্মারক নং বিএসএমআরএমইউ/স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা/১০০১/০১/৭৩

তারিখঃ ৩০ জানুয়ারি ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি (বিশ্ববিদ্যালয় স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা)

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত “বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ” এর স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য একনেক কর্তৃক অনুমোদিত “বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ” এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের “WALK IN INTERVIEW” এ অংশগ্রহণের জন্য আহ্বান করা যাইতেছেঃ

ক্রমিক	পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও সর্বসাকুল্যে বেতন	সর্বোচ্চ বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	এ্যাসিস্টেন্ট ফিল্ড সুপারভাইজিং ইঞ্জিনিয়ার (সিভিল) - ০১ (এক) জন (গ্রেড-১০, সর্বসাকুল্যে- ২৫,৫০০/-)	৩২ বৎসর	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি থাকিতে হইবে। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রকল্প/ বৃহৎ বেসরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।

শর্তাবলী

- আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৫ সকাল ১০.৩০ ঘটিকার মধ্যে একটি সংক্ষিপ্ত সিভি, সদ্যতোলা ৫ সে.মি. X ৫ সে.মি. সাইজের ০১ (এক) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও প্রশংসাপত্র, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সম্মান সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সহ শিরোনামে বর্ণিত ঠিকানায় “WALK IN INTERVIEW” তে অংশ গ্রহণ করিতে হইবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে।
- যেকোন সরকারি চাকুরি হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে তাহা অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।
- গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ’র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের- শিম/শা: ১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ’র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শা: ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।
- চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে NOC সঙ্গে আনতে হইবে।
- বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রামের চান্দগাঁও এলাকার কালুরঘাট সংলগ্ন ৫নং মোহরা ওয়ার্ডে নির্মাণাধীন।

প্রকল্প পরিচালক

বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা শীর্ষক প্রকল্প